# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/৪০

তারিখ ঃ ০৩ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৬২৪ তম কমিশন সভা অদ্য ১৬/০১/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ

১. ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন এর প্রতিটি ১০.০০ টাকা মূল্যের ৩ (তিন) কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে কমিশন অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ৩০ (ত্রিশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে এলপিজি বোতলজাতকরণ ও ডিস্ট্রিবিউশন প্ল্যান্ট স্থাপন এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন ২০১৭ তারিখে সমাপ্ত বৎসরের আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া নেট এ্যাসেট ভ্যালু (NAV without revaluation) টাকা ১০.৪৯ এবং এবং ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted Average EPS) টাকা ০.৬৭। উল্লেখ্য, কোম্পানীটির ৫(পাঁচ)টি সাবসিডিয়ারী কোম্পানী আছে, যার প্রতিটিতে ৯৫% শেয়ার হোল্ডিং রয়েছে। উক্ত ৫ (পাঁচ) টি সাবসিডিয়ারী কোম্পানীর আর্থিক বিবরণীসহ একত্রিকৃত (Consolidated) আর্থিক বিবরণী অনুযায়ী (৩১ শে জুন ২০১৭ তারিখে সমাপ্ত বৎসরের) পুনঃমূল্যায়ন ছাড়া নেট এ্যাসেট ভ্যালু (NAV without revaluation) টাকা ১৩.৮৭ (Consolidated) এবং এবং ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted Average EPS) টাকা ১.৪৩ (Consolidated)। আরো উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে এএফসি ক্যাপিটাল লিঃ এবং এশিয়ান টাইগার ক্যাপিটাল পার্টনার্স ইনভেস্টমেন্টস লিঃ।

২. এনভয় টেক্সটাইলস লিমিটেড এর ১৫০ (এক শত পঞ্চাশ) কোটি টাকার Non-convertible Fully Redeemable Zero Coupon Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে পাঁচ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Unlisted, Unsecured, Fully Redeemable, Zero Coupon Bond. বন্ডটি পাঁচ বছরে Full Redemption হবে, যা শুধুমাত্র প্রতিষ্ঠানিক বিনিয়োগকারী এবং উচ্চ সম্পদশালী ব্যক্তিরাই (high net worth individuals) প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে এনভয় টেক্সটাইলস লিমিটেড কোম্পানীর সম্প্রসারণ এবং দীর্ঘ মেয়াদী ব্যয়বহুল ঋণ পরিশোধ (high cost long-term debt pay-off) করবে। এনভয় টেক্সটাইলস লিমিটেড এর প্রতি ইউনিট বন্ডের অভিহিত মূল্য এক কোটি পঞ্চাশ লক্ষ টাকা। এই বন্ডের ট্রাস্টি হিসাবে কাজ করছে ইবিএল ইনভেস্টমেন্ট লিমিটেড।

৩. Banglades Securities and Exchange Commission (Risk Based Capital Adequacy) Rules, 2018 কিছু সংশোধন সাপেক্ষে কমিশন কর্তৃক অনুমোদিত হয়েছে, যা অবিলম্বে জনমত যাচাই এর নিমিত্তে জাতীয় পত্রিকায় প্রকাশ করা হবে।

৪. শান্তা ফার্স্ট ইনকাম ইউনিট ফান্ড এর প্রসপেক্টাস কমিশন আজকের সভায় অনুমোদন করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ০২ (দুই) কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ১৮ (আঠার) কোটি টাকা, যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। ফান্ডটির উদ্যোক্তা ও সম্পদ ব্যবস্থাপক শান্তা এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিমিটেড। এছাড়াও ফান্ডটির ট্রাস্টি হিসেবে বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড (বিজিআইসি) এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে ব্রাক ব্যাংক লিমিটেড।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২ ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬ ই-মেইল : secbd@bdmail.net ওয়েব : www.sec.gov.bd

৫. হ্যাক সিকিউরিটিজ লিঃ (ডিএসই ট্রেক নং ৭৪) এর উপর ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ কর্তৃক পরিচালিত পরিদর্শন রিপোর্টের ভিত্তিতে কমিশন যথাযথ এনফোর্সমেন্ট প্রক্রিয়ার মাধ্যমে নিম্নে বর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি নিশ্চিত হয় ঃ

(ক) সমন্বিত গ্রাহক হিসাব (Consolidated Customer Account) এ ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A(1) and Rule 8A(2) এর লংঘন;

(খ) কর্মচারীর আত্মীয়ের নামে হিসাব পরিচালনা ও ঋণ সুবিধা প্রদান করার মাধ্যমে Commission's Directive No:- SEC/CMRRCD/2001-43/31 তারিখঃ March 23, 2010 এর লংঘন;

(গ) ক্যাশ হিসাবে মার্জিন ঋণ সুবিধা প্রদান করার মাধ্যমে Margin Rules, 1999 এর Section 3(1) and Section 3(2) এর লংঘন;

(ঘ) অনুমোদিত সীমার অতিরিক্ত মার্জিন ঋণ প্রদান করার মাধ্যমে কমিশনের Directive No:- SEC/CMRRCD/2009-193/135 তারিখঃ September 30, 2012 এর লংঘন।

উক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের জন্য কমিশন হ্যাক সিকিউরিটিজ লিঃ -কে ২ (দুই) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৬. ডাইনামিক সিকিউরিটিজ কনসালটেন্টস লিঃ (ডিএসই ট্রেক নং ১২৬) এ কমিশনের তদন্ত টীম কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে উল্লেখিত হয় যে, ডাইনামিক সিকিউরিটিজ কনসালটেন্টস লিঃ গ্রাহকদের "Z" ক্যাটাগরির শেয়ারে নেটিং সুবিধা প্রদান করার মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/SRMID/94-231/1640 তাং 31/01/2008 লংঘন করেছে। উক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন ডাইনামিক সিকিউরিটিজ কনসালটেন্টস লিঃ -কে ১ (এক) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৭. হেদায়েতউল্লাহ সিকিউরিটিজ লিঃ (ডিএসই ট্রেক নং ১৪০) এ কমিশনের তদন্ত টীম কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে উল্লেখিত হয় যে, হেদায়েতউল্লাহ সিকিউরিটিজ লিঃ গ্রাহকদের "Z" ক্যাটাগরির শেয়ারে নেটিং সুবিধা প্রদান করার মাধ্যমে কমিশনের নির্দেশনা নং- SEC/SRMID/94-231/1640 তাং 31/01/2008 লংঘন করেছে। উক্ত সিকিউরিটিজ আইন ভঙ্গের জন্য কমিশন হেদায়েতউল্লাহ সিকিউরিটিজ লিঃকে ১ (এক) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়াও হেদায়েতউল্লাহ সিকিউরিটিজ লিঃ এর অনুমোদিত প্রতিনিধি জনাব হাসান মাহমুদ -কে সতর্কপত্র ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

১৮/০২/২০১৮

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।